দৈনিক ইনকিলাব

074

তারিখ ... 1 MAY 199?
পৃষ্ঠা ... ৫ কলাম ... ১

১২ মে ১৯৯৪

# উপজেলা পরিক্রমা

## নীলফামারী সদর

নীলফামারী, ২০— মে (সংবাদদাতা)।— নীলফামারী রংপুর জেলার একটি মহকুমা ছিল। ১৯৮৩ সালে নীলফামারী জেলায় উন্নীত হয়। উত্তরে অবস্থিত নীলকর কুঠিয়ালদের অত্যাচারে নিষ্পেষিত জনপদের নাম নীলফামারী। ইংরেজ শাসনামলে ইংরেজরা নীলচাষের একটি বৃহৎ খামার প্রতিষ্ঠিত করেছিল এখানে। বিভিন্ন মরে যাওয়া নদীর চরাঞ্চল দ্বারা বেষ্টিত নীলফার্ম থেকে নামকরণ হয় নীলফামারী। ইংরেজ কুঠিয়ালদের নীল খামারের অনেক নির্দশন এখনও বিদ্যমান।

### কৃষি

উপজেলার অধিকাংশ লোকই কৃষিজীবী। এখানে প্রায় ৫৫% লোক ভূমিহীন। এরা অন্যের জমি চাষ করে ও ব্যবসা করে জীবিকা নির্বাহ করে। এখানে মোট কৃষি জমি ৮৬ হাজার ৭শ' ৫ একর। ফসলাধীন জমি ৬৭ হাজার ৯শ' একর। এক ফসলী জমি ৭ হাজার ২শ' ৫০ একর, দু'ফসলী জমি ৩৮ হাজার একর এবং তিন ফসলী জমি ২১ হাজার ৫শ' একর। পতিত জমি ৮শ' ৫ একর। উৎপাদিত প্রধান ফসল ধান, পাট, তামাক, আলু, আদা।

### শিক্ষা

নীলফামারী সদর উপজেলার শিক্ষার হার অত্যন্ত কম। জনসংখ্যার তুলনায় শিক্ষা প্রতিষ্ঠানের অভাব রয়েছে। এখানে ২টি সরকারী মহাবিদ্যালয়, ১টি বেসরকারী মহাবিদ্যালয়, ১টি সরকারী বালক উচ্চ বিদ্যালয়, ১টি সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, বেসরকারী উচ্চ বিদ্যালয় ২০টি এবং জুনিয়র স্কুল ৭টি, সরকারী প্রাথমিক বিদ্যালয় ৯৬টি ও বেসরকারী ৩৯টি। মাদ্রাসা ১শ' ৪৭টি। পিটিআই ১টি, ভকেশনাল ট্রেনিং ইনস্টিটিউট ১টি। কিণ্ডার গার্টেন ১টি।

### যোগাযোগ

এখানে পাকা সড়ক ২০ মাইল, হেরিং বন্ড ১৬ মাইল, কাঁচা ৩শ' ২৫ মাইল ও রেলপথ ১৬ মাইল। ১৬ মাইল রেলপথের মধ্যে স্টেশন ৫টি। ৪টি স্টেশনে টেলিফোন নেই। সড়ক যোগাযোগ ক্ষেত্রে নীলফামারী-ঢাকা ২টি সরকারী-বেসরকারী নৈশকালীন কোচ সার্ভিস নিয়মিত চলছে।

### চিকিৎসা

এই উপজেলায় ৫০ শয্যা বিশিষ্ট ১টি সরকারী হাসপাতাল, ১টি মাতৃসদন, ১টি যক্ষ্মা ও কুষ্ঠ ক্লিনিক, ২টি ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র, ১টি পশু প্রর্জনন কেন্দ্র ও রংপুর জেলা বোর্ড পরিচালিত ১টি পশু চিকিৎসালয় রয়েছে। নীলফামারীতে যক্ষ্মা ও কুষ্ঠ রোগীর সংখ্যা বেশী।

### আয়তন

১টি পৌরসভাসহ মোট ১৫টি ইউনিয়ন নিয়ে এই উপজেলা গঠিত। উপজেলার মোট আয়তন ১শ' ৩৫ দশমিক ৪৭ বর্গমাইল। এ উপজেলার উত্তরে ডোমার উপজেলা, পূর্বে জলঢাকা ও কিশোরীগঞ্জ উপজেলা, দক্ষিণে সৈয়দপুর উপজেলা এবং পশ্চিমে দিনাজপুর জেলা।